The Harkara and the Indigo Planter.—The respectable family of Meares is celebrated throughout Jessore and the North East par[t o]f Nuddea. Ramrattan Roy, the tiger of the [illegible] planters, did not think beneath his dignity to cross a lance with Meares the Senior; indeed Meares the Senior was a foe man worthy of Ram Rattan Roy himself. In those days the custom was to take part with the indigo-planters, and the Magistrates never blushed to befriend a countryman at the expence of justice, and the natives used to this treatment rarely protested against this sort of administration of justice. But people then rarely resorted to Courts, they depended upon their *lathies* and spears, they fought like gentlemen without malice, they separated and fought again with the very best of humor. Meares fought with Ram Rattan Roy, the latter was strong in *latthees,* the former was strong in the Court and so they fought on pretty equal grounds. This incessant fighting of these two renowned men, produced such an impression upon the minds of the people that villiage poets sang the prowess of the one or the other, dramatic representations were displayed, where one dressed like Ram Ruttan tried to assume a most commanding mien, another presented himself as Meares and a third as Mr—the Magistrate always siding with Meares right or wrong. Indeed the action of the Magistrate produced outbursts of laughter, his one-sided sayings, his endeavors to explain away the alleged misconduct of Meares produced a great deal of merriment amongst the spectators. The Magistrate lives, Ram Rutna Roy one of the greatest of men Bengal ever produced is dead; his compeer Meares is dead, but he has left a numerous progeny behind.

Now one of these Junior Meares, an indigo Planter like his great father, was one day, last month, riding across the country accompanied by his page. The page was however on foot, being only a syce, but he did all the business of a page notwithstanding. He closely followed his master who was proceeding at a slow pace. Presently a man was seen running towards them with a bag on his shoulders. The page advanced to reconnoitre and bid the fellow give way to his master. The page knew his own importance too well, he was the servant of a shaheb, and the shaheb was by him, but alas, he did not at all take into his consideration the importance of the man with the bag, he addressed. He was the Post Harkara! If the page was bent under the weight of his own importance, the Harkara was out bursting with importance too. The page was the servant of a shaheb, and he had the shaheb with him; the Harkara was the servant of Her most Gracious Majesty herself and he had the post bag on him! The consequence was inevitable—they attacked each other with great fury. Long was the fight and so far they served each other right. Mr. Meares was ambitions to take part in the fight between the Harkara and his page and he struck the for[illegible] with his whip. So far Mr. Meares was quite rig[ht] the Harkara should have been bled out of his i[mpor]tance, but he committed two fatal mistakes. [It] was very ungallant to fight two with one, and it was very impolitic to adopt the policy of the British India Government and to take the part of one's own servant right or wrong. If he had applied his whip, upon the back of his own servant also, as he did of the Queen's representative, we mean the Harkara, he would have really deserved well of the people of his quarter. If he had done that, the interesting facts that we are going to relate would have never occured, and we would have been deprived of the pleasure of relating and our readers of hearing the following story.

The Harkara was disgraced and he took the help of Babu Shama Churn Chatterjea, Deputy Magistrate of Jhenida. He sued the indigo planter himself. But the evidence not being according to Shama Charan Babus comprehension sufficient, the case was dismissed. The nathee however came across the lynx-eyes of Mr. Smith, the District Magistrate and he thought, that, for a poor native runner to bring an absolutely false charge against a big indigo planter was impossible, there must have been something at the bottom, and he summoned both the harkara and planter. The harkara came too late, Mr. Smith could not wait and the case was again dismissed. Here Mr. Smith himself made a mistake; if he had waited one hour more the harkara would have appeared and the story that, we are about to relate would have been cut short in the nip. After this occurance, the harkara dressed himself neatly and thought fit to pay a visit to his wife who was at her father's. The path lay by the factory of Mr. Meares, and Mr. Meares having got scent of the harkara's intended visit waylayed him, carried him to his factory and gave him a factory beating so that the man fainted away. A second complaint was lodged by the harkara against Mr. Meares at the Court of Babu Babu Shyama Churn Chatterjea. This time Babu Shyma Charan adopted the wise course of laying the matter before Mr. Smith. Mr. Smith at this, deputed the District Superintendent himself to investigate the matter, and the Joint to try the case. Mr. Harris the Police Superintendent after due inquiry submitted a report the substance of which we beg to lay before our readers. He said that there was no proof that Mr. Meares beat the harkara, but not only that, Mr. Meares was found innocent by the evidence of Mr. Glascott. This gentleman is an indigo-planter too and is in good terms with the Meares family. He said in his deposition that he perfectly recollected the day when the occurance is alleged to have taken place, and he perfectly recollected that two brothers of Mr. Meares, the alleged offender, were with him that day but he could not [illegible] whether Mr. Meares of the harkara was with him or not, b[ut] he *perfectly recollected that he came the followin[g] day.* From this evidence it was deduced by Mr. Harris that Mr. Meares was perfectly innocent. Other corroborative evidence followed. Mr. Harr[is] with great tact waylayed a letter which the ha[r]kara, while bed ridden under the blows of somebody yet to be known, had sent through his brother-in-law to his land lord who was himself a European and a planter. In this letter the harkara had written to his landlord of the cruel and severe treatment he had received at the hands of Mr. Meares and expressed his determination to bring the matter before the court and he therefore requested his assistance. This was the substance of the letter, and what would you deduce from it, dear reader! From insignificant facts large minds deduce important conclusions, the falling of an apple was the foundation of the theory of gravitation. From the contents of the above letter Mr. Harris came to the startling conclusion that the matter of the beating was all false or else why would the man seek assistance? A man who has a just cause on his side need not seek the assistance of another; truth is always self-evident, everlasting, and omnipotent, and needs no help to establish its claim. The harkara wanted help and therefore it was evident that truth was not on his side. Mr. Harris is in the habit of persuading Mr. Smith to adopt his philosophical views. There is a case, *sub-judice,* in which Mr. Harris is trying with his usual cleverness to instil his views into the minds of the Magistrate, but of this case hereafter. After these highly philosophical cogitations he came to consider the next question. The first question was settled that Mr. Meares did not beat the harkara, and the next question to determine was, who then beat him? That the harkara was beaten there was no doubt, for the marks on the harkara's person were evident to the senses. Mr. Harris might have at once adopted Berkeley's theory and denied the reality of the marks, but Mr. Smith was not [a] philosopher and would not perhaps understand him. Then there was the fact to account for, the mar[ks] on the harkara's person. Of course the harka[ra] might have made the marks himself but then th[ere] was another difficulty. A man can shoot himsel[f], hang himself, cut his throat himself, but he canno[t] beat himself as the harkara was beaten. So [it] was established that the harkara was beaten, n[ot] by his own hands, not by Mr. Meares as the beat[en] man himself alleges, but then by whom? Th[e] intricate problem was at last solved by Mr. [illegible] The harkara was a young man and as such w[as] fond of the company of females. Now we p[illegible] the name of all the young men in the wor[ld] [illegible] His Royal Highness, the Prince of [illegible] down to the Tarekssor Mohant, against this reasoning. Then Mr. Harris did not take [illegible] consideration where his argument would lead [illegible] himself being quite a young man. These premise[s] [estab]lished however, Mr. Harris urged further that [under] such circumstances, he must have gone to a w[illegible] Of course the guardian of this woman wo[uld] [illegible] like this and would with his friends beat him. [And] thus the harkara was beaten and the marks o[n his] person accounted for. The verdict of Mr Harri[s was] that the harkara was beaten by some [u]nkno[wn] guardians of an unknown woman! [Mr.] Harris ended his report with a request that [the] harkara should be punished under section 211 [for] bringing a false charge against Mr. Meares.

Mr. Smith long pondered on this report, to[ok] horse and rode to Jheneda. He was sick of [philo]sophers and he wanted to see things for hi[mself]. The first thing that struck him was the fact [that] Mr. Harris while investigating the matter, l[illegible] and dined with Mr. Meares himself. Evidence w[as] gone into, Mr. Meares was clearly found by M[r.] Smith of having carried the harkara to his f[a]ct[ory] and beat en him severely. Mr. Smith was d[illegible] of making an example and *he passed the [sentence] of imprisonment of Mr. Meares for two mont[hs] [with] hard labor!* Mr. Harris was directed to [illegible] him at once to the Presidency Jail in Calc[utta]. Mr. Meares has made a motion to the High C[ourt] and has been enlarged on a bail of thou[sand] Rupees.

This is the first instance in the annals of indi[go] planting, that an indigo planter has been incarcer[a]ted by a District Magistrate. Never did th[e] Europeans anticipate that the power enjoyed by t[he] Magistrates under section 222 would be tur[ned] against them. Whether the decisive step tak[en] by Mr. Smith to put a stop to the oppressio[ns] of the planters, upon the patient and inoffensi[ve] ryot, meets with the approbation or otherwise [of] Government we know not. Mr. Eden was tra[ns]fered to Cuttack for having taken part of [the] oppressed ryots. But then Mr. Grote was [illegible] Commissioner and Mr. Halliday the Lieuten[ant] Governor. Lord Ulicke Browne with all [illegible] vagaries is a high minded Officer and just to t[he] core. If Lord Browne is somewhat prejudi[ced] against the Babus, but it is not for the Ba[bus] that we cry against the indigo planters. The Ba[bus] flourish with the indigo planters. We demand [the] protection of the peaceful, frugal, industrio[us] patient, law abiding peasants of Bengal fro[m the] oppressions of the indigo planters. The [illegible] sacrifice that Mr. Smith made for th[e] [cause of] justice, in this case, can be only u[illegible] men in his position. We can a[illegible] that the blessing of millions [illegible] blessing of oppressed human[ity] [illegible]

## বিজ্ঞাপন।

### ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে।

### কিরোসাইন তৈলের ভাড়া।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে
র্ত্তমান ১০ই জুলাই এবং তৎপর হইতে কি-
াইন, রেঙ্গুন এবং অন্যান্য হাইড্রা কারবল
যাহা মঙ্গলবার শুক্রবারের সাধারণ গাড়ী
া হাওড়া হইতে রওনা হইবে, সে সকল তৈল
দ্ধ ভাড়া কমাইয়া ইষ্ট ইণ্ডিয়া রেলে দ্বিতীয়
ার ভাড়া লওয়া যাইবে।

এই প্রকারের তৈল যদি অন্যান্য ষ্টেশন
ত প্রেরিত হয় তাহা হইলে তৎ সম্বন্ধে তৃতীয়
ার ভাড়া লওয়া যাইবে।

কাতা } সিসিল ষ্টিফেনসন।
জুলাই, ১৮৭৪ }

(১)

---

বঙ্গ দেশান্তঃপাতি কলিকাতাস্থিত হাইকোর্ট
রালয়ের সাধারণ আদিম দেওয়ানি বিভাগের
১৮৭১ সালের ৫১৯ নম্বরের মকর্দ্দমা যাহাতে
ক চন্দ্র সরকারের আসাইনি দীন নাথ মিত্র
এবং মৃত রাজ নারায়ণ দের পুত্র উত্তরাধিকারী
আইন সম্মত স্থলাভিষিক্ত গণ মহেন্দ্র নারায়ণ
দয় নারায়ণ দে ও গজেন্দ্র নারায়ণ দে যাহারা
ন ষোল বৎসরের কম বয়স্ক নাবালগ, সর্ব্ব
ন সহর কলিকাতার সিমলাস্থিত কর্ণোয়ালিস
এবং সেই সাকিনের সুরেন্দ্র নারায়ণ দে নাবা-
পেছেরে উক্ত মৃত রাজ নারায়ণ দে প্রতিবাদি
সেই মকর্দ্দমার এক হাজার আট শত বায়াত্তর
ন উনত্রিশে জানুয়ারী তারিখের ডিক্রি অনু-
আগামী ১ লা আগষ্ট শনিবার উক্ত আদা-
রেজিষ্ট্রার সাহেব কর্ত্তৃক আদালত গৃহে
খিত সম্পত্তি সকল নিশ্চয়ই বিক্রয় হইবে,

কলিকাতার কর্ণওয়ালিশ ষ্ট্রিটের আঠার
র ইষ্টক নির্ম্মিত দোতালা গৃহ বা ভদ্রাসন
দরবস্ত হকুক সমেত তৎ সংলগ্ন ভুমি খণ্ড
তক অংশের উপর উক্ত গৃহ অবস্থিত
যাহা আনুমানিক বার কাটা। উহার সিমানা
বিস্তার করিয়া লিখিয়া দেওয়া যাইতেছে,
উত্তরে শিবনারায়ণ দাসের গলি, পূর্ব্বে
নম্বরের গৃহ বাটী যাহাতে মৃত প্রেম নারায়ণ
লিকার ছিল, পশ্চিমে কর্ণওয়ালিশ ষ্ট্রিট
ক্ষিণে মৃত রূপ নারায়ণ দের ভদ্রাসন বাটি।
য় সম্বন্ধীয় অন্যান্য বিবরণ রেজিষ্ট্রার সাহেবের
শ অথবা কাউন্সিল হাউস ষ্ট্রিটের চারি
ভবনস্থিত মেসুয়ার্স গ্রে, সেন এবং ফার
গণের দিকট তত্ব করিলে জানা যাইবে।

সেন এবং ফার } আর বেল চেম্বারস্
ণের আটর্ণী } রেজিষ্ট্রার।

কলিকাতা হাইকোর্ট
রেজিষ্ট্রারের আফিশ } (২)
৬ই জুলাই ১৮৭৪।

---

## পত্র প্রেরকের প্রতি।

শান্তিপুর—বোধ হয় আপনি শুনিয়া সন্তুষ্ট
ষ গত ২৯এ জ্যৈষ্ঠের অমৃত বাজার পত্রিকায়
র শশি ভুষণ রায় প্রভৃতি সম্বন্ধীয় যে মক-
কাশিত হয় তাহা ডিস্মিস্ হইয়া গিয়াছে।

গেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, মশাগ্রাম—গ্রামের
জুঠিয়া এ সম্বন্ধে মাজিষ্ট্রেটের নিকট দর-
বন, তাহা হইলে আপনাদের কষ্ট নিবারণ

ব, মাপ করিবেন।

শ্রীপ্রসন্ন নারায়ণ চৌধুরী—পাবনার বিদ্রোহী প্রজাদিগের মধ্যে অনেকে শাস্তি পায় নাই এবং মাজিষ্ট্রেট তাহাদিগকে শাস্তি দিবার কোন উদ্যোগ করিতেছেন না এই জন্য দুঃখ প্রকাশ করিয়াছেন। পত্র প্রেরকের প্রজাদিগের সহিত বিবাদ থাকিতে পারে এবং তজ্জন্য তিনি তাহাদিগের শাস্তিতে আনন্দ লাভ করিতে পারেন, কিন্তু অন্যে তাহাতে কি করিয়া তাহার সহিত যোগ দিবে? স্থূল কথা নির্ব্বোধ প্রজাদিগকে গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ যেরূপ উপদেশ দেন তাহারা সেই রূপ কার্য্য করে। যদি নোলান সাহেব কি টেলার সাহেবের প্রশ্রয় না পাইত তাহা হইলে কি তাহারা এরূপ উপদ্রব করিতে সাহস করিত? প্রকৃত শাস্তি পাইবার যোগ্য গবর্ণমেণ্টের কর্ম্মচারীগণ, নির্ব্বোধ সরল প্রজারা নহে।

কস্যচিৎ দর্শক্য—ও রূপ প্রস্তাব আমরা গ্রহণ করি না।

মাধব চন্দ্র সেন, গুপ্তী পল্লী—সরস্বতীর বন্দনা পদ্যাকারে রচনা করিয়া পাঠাইয়া দিয়াছেন। আপনার প্রবন্ধটি পাঠ করিয়া আপনিও সরস্বতী ভিন্ন আর কাহার প্রীতি হইবার সম্ভাবনা নাই, সুতরাং উহা প্রকাশ না করাতে পত্র প্রেরক বোধ হয় আমাদের উপর বিরক্ত হইবেন না।

শ্রীমুকন্দ লাল সরকার, মালঞ্চী, পাবনা,—লেঃ গবর্ণর এ অঞ্চল ভ্রমণ করিয়া গিয়াছেন। তিনি দোগাছীর দুই ব্যক্তির নিকট দেশের অবস্থার বিষয় জিজ্ঞাসা করেন। তাহারা বলেন এখানে চাউল ২০।২৫ সের টাকায় পাওয়া যায় ও লোকের কোন কষ্ট নাই। সার রিচার্ড টেম্পল ইহাদের কথায় বিশ্বাস করিয়া পাবনার মাজিষ্ট্রেটকে লিখিয়াছেন যে এই জেলায় বিশ হাজার মোন চাউল পাঠান গিয়াছে তৎ ব্যতীত আর আবশ্যক হইবে না। যে দুই ব্যক্তির নিকট লেঃ গবর্ণর জিজ্ঞাসা করেন তাহাদের এরূপ বলিবার স্বার্থ আছে কারণ তাহারা মহাজন এবং গবর্ণমেণ্টের চাউল বেশী আমদানি হইলে তাহাদের চাউল বিক্রয়ের বাধা জন্মাইতে পারে। ২। ইহার নিকট ননমুড়া নামক গ্রামের কোন পুষ্করিণীতে একটী নূতন ধরণের কুমীর আসিয়াছে। উহার গায়ের রং ঠিক বোড়া সাপের ন্যায় এবং বুকের উপর শালগ্রামের চক্রের ন্যায় দুটী কাল দাগ আছে।

শ্রী গ, চ, চক্রবর্ত্তী বিক্রমপুরবাসি—বিক্রমপুর অঞ্চলে অত্যন্ত দুর্ভিক্ষ উপস্থিত হয়, কিন্তু কুণ্ড বাবুদের সাহায্যে অনেকের কষ্ট নিবারণ হইয়াছে। ইহারা প্রতি দিন প্রায় চারি পাঁচ শত লোকের আহার দিতেছেন।

শ্রী, সুসাঙ্গ দুর্গাপুর—কলিকাতা নর্ম্মাল স্কুলের ভূতপূর্ব্ব পণ্ডিত কালি প্রসন্ন সেন গুপ্ত কলিকাতায় একটী এজেন্সি খোলেন। খুলিয়া অনেকের টাকা লইয়া আর তাহা প্রত্যর্পণ করেন না। সুসঙ্গের শ্রীল শ্রীযুক্ত রাজা কমল কৃষ্ণ বাহাদুর তাঁহার স্কুল হইতে ঐ রূপে ৫০ টাকা লওয়ায় এ বিষয় ক্লার্ক সাহেবের নিকট অবগত করান ও ক্লার্ক সাহেব তাহাকে কর্ম্মচ্যুত করেন। পত্র প্রেরক উপযুক্ত স্থানেই কালী প্রসন্ন বাবুর নামে নালিশ করিয়াছেন। আমরাও কালী প্রসন্ন বাবুর আর জন্মে কিছু দায়ী ছিলাম। পত্র প্রেরক শ্রীরামপুরের কালি প্রসাদ শর্ম্মা নামক আর একটী ভদ্র লোকের কথা উল্লেখ করিয়াছেন। আইন আকবরী গ্রন্থ প্রকাশ করিবেন বলিয়া সুসঙ্গের রাজা বাহাদুর ও মুক্তাগাছার জমিদার সূর্য্যকান্ত বাবুর নিকট কিছু টাকা লইয়া অনুদ্দেশ হইয়াছেন।

শ্রীপ্রতাপ চন্দ্র শর্ম্মণ, ভট্টাচার্য্য—আপনি যে হাকিমের গ্লানি করিয়া লিখিয়াছেন ওরূপ সাধারণ পাঠে করিলে চলিবে না, নির্দ্দিষ্ট করিয়া তাহার দোষ বর্ণন করিয়া লিখিবেন।

শ্রীযাদবানন্দ রায়, রংপুর—আপনার গল্পটী বিশ্বাস করিয়া উঠিতে পারিলাম না। যদি আপনি স্বচক্ষে দেখিতেন সে আর এক কথা।

কুসিয়া ডাঙ্গা—নাম স্বাক্ষর নাই।

শ্রীকৃষ্ণ মোহন রায়, জামালপুর—ব্যস্ত হইবেন না,

ক্রমেং।

শ্রীমহিম চন্দ্র বিশ্বাস,—যশোর জেলার গদখালি থানার অন্তর্গত দিগদানা গ্রামে দুইটি বলিষ্ঠ হালি গরু মুচিদিগের কর্ত্তৃক গোপনে হত হইয়াছে। এ বিষয় থানার দারোগাকে সংবাদ দেওয়া যায়, কিন্তু এ যাবৎ তিনি ইহার অনুসন্ধান করিলেন না। এই মুচিদিগের দ্বারা মাঝে মাঝে গোরু নষ্ট হইয়া থাকে এবং পত্র প্রেরক যশোরের মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করেন যে তিনি ইহাদিগকে শাসন করেন।

শ্রীরাম লোচন শর্ম্মা, শ্রীহট্ট—কমিটির ওকালতী পরীক্ষায় অকৃতকার্য্য হওয়ায় আপনার অদৃষ্টকে ধিক্কার দিয়া এক খানি দীর্ঘ পত্র লিখিয়াছেন। পত্র প্রেরকের দুঃখে আমরা দুঃখিত হইলাম কিন্তু আমাদের নিকট দুঃখ ব্যতীত তিনি আর কি চান?

অন্যান্য পত্রের মর্ম্ম আগামীতে প্রকাশিত হইবে।

---

## সংবাদ

—ডাক্তার ম্যাকবেথ গোয়ালিয়ারের মহারাজা সিন্ধিয়াকে সম্পূর্ণ রূপে আরোগ্য করায় দশ হাজার টাকা পুরস্কার পাইয়াছেন।

—সোয়াতের আখুন্দ তাহার জ্যেষ্ঠ পুত্র দ্বারা কাসাগারের আমীরকে সতর্ক করিয়া দিয়াছেন যে তিনি যেন ইউরোপীয়েদের সহিত না মিশেন এবং তাহাদিগকে তাহার রাজ্য মধ্যে প্রবেশ করিতে না দেন। আখুন্দের যেরূপ ক্ষমতা তাহাতে বোধ হয় তাহার উত্তেজনা নিস্ফল হইবে না।

—রুসিয়ার সৈন্য সংখ্যা পনর লক্ষ বিশ হাজার, ইংলণ্ডের সৈন্য সংখ্যা মোটে চারি লক্ষ উন আশি হাজার।

—আমেরিকার আণ্টিয়াক কলেজে এক জন স্ত্রীলোক গণিতের অধ্যাপক হইয়াছেন। ইহার নাম মিস রেবেকা রবার্টস।

—ইণ্ডিয়ান ষ্টেটসম্যান বলেন যে সার ফিলিপ ওড-হাউসের বোম্বাইয়ের গবর্ণরী পদ হইতে অবসৃত হওয়ায় সম্ভাবনা এবং সার রিচার্ড টেম্পল তাঁহার স্থানে নিযুক্ত হইবেন। ইংলণ্ড কি কলিকাতায় সার ফিলিপের পক্ষীয় লোক কেহ নাই।

—সুইনডলার সাহেব টেলিগ্রাফ সম্বন্ধে একটি বিশেষ উন্নতি করিয়াছেন। তিনি এরূপ উপায় উদ্ভাবন করিয়াছেন যদ্দ্বারা এক সময়ে এক তার দিয়া দুই স্থানের সংবাদ যাওয়া আসা করিতে পারে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সুইনডলার সাহেবের প্রণালী অবলম্বন করিয়া এক্ষণ বোম্বাই হইতে কলিকাতা পর্য্যন্ত এক তারে সংবাদ প্রেরণ ও গ্রহণ করিতেছেন। গবর্ণমেণ্টের ইহাতে বিস্তর লাভ হইবে।

—মেলবিল সাহেব ওরফে সেক আবদুল রহমান সপরিবারে নাইনিতাল হইতে দেহারাদুনে গমন করিয়াছেন। সেখানে দশহাজারটাকা দিয়া একটি বাড়ী ও পাঁচহাজার টাকার ভূমি তিনি ক্রয় করিয়াছেন। তিনি এই ভূমি স্বহস্তে কর্ষণ করেন এবং তাঁহার চেহারা দেখিলে বোধ হয় তিনি মুসলমান ধর্ম্ম গ্রহণ করিয়া পরম সুখে কাল যাপন করিতেছেন।

—লণ্ডন হইতে কলিকাতা পর্য্যন্ত রেলওয়ে করিবার প্রস্তাব পুনরায় উত্থাপিত হইয়াছে। ত্রিশ বৎসর পূর্ব্বে বিলিয়ারস্ স্যাঙ্কি সাহেব এই প্রস্তাব প্রথম উত্থাপন করেন এবং তিনি পুনরায় ইহার উত্থাপন করিয়াছেন। এ সম্বন্ধে ভারতবর্ষের ষ্টেট সেক্রেটারির নিকট তিনি এক পত্র লেখেন এবং ষ্টেট সেক্রেটারী উহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টে প্রেরণ করিয়াছেন।

—রেবারেণ্ড খাসাম মাহাম্মুদ নামক এক সাহেব মুসলমান আছেন। ইনি পূর্ব্বে খৃষ্টান পাদরী ছিলেন এবং আমেরিকা হইতে এ দেশে খৃষ্ট ধর্ম্ম প্রচার করিতে আসেন, কিন্তু এখন তিনি এক জন গোড়া মুসলমান হইয়া উঠিয়াছেন। আপাতত তিনি মহারাষ্ট্রীয় ভাষায় কোরান অনুবাদ করিতেছেন।

—মান্দ্রাজের এক জন হিন্দু বালক কয়েক বার প্রবেশিকা পরীক্ষায় অকৃতকার্য্য হওয়ায় আপনাকে কুপে নিঃক্ষেপ করিয়া আত্ম হত্যা করিয়াছে!

—হিন্দু হিতৈষিণীতে এক ব্যক্তি লিখিয়াছেন যে "মুক্তাগাছার ভূমধিকারী বাবু সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরী সুতুয়া নামক নদীতে একটী পুল নির্ম্মাণ করিতেছিলেন; ডি ডম্বল নামক একজন ইঞ্জিনিয়ার মাসিক ২০০ টাকা বেতনে উক্ত কার্য্যে নিযুক্ত ছিলেন। পুল প্রায় প্রস্তুত হইয়াছে, এমত সময়ে উহা এক কালে পতিত হইয়া গিয়াছে। ডম্বলের নিতান্ত লর্জ্জা হওয়াতে পুনরায় চেষ্টা করেন, কিন্তু তাহাতেও কৃতকার্য্য হইতে পারেন নাই। সূর্য্যকান্ত বাবুর প্রায় ৬০ হাজার টাকা নষ্ট হইয়াছে। সাহেব নষ্ট করিয়াছে সুতরাং অধিক দুঃখ হইবে বোধ হয় না।"

—রুসিয়ান রাজ পুত্র জিচারটিঙ্কি ভারতবর্ষের প্রধান প্রধান রাজা দিগের সহিত আলাপ করিয়া বেড়াইতেছেন। আপাতত হলকারের মহারাজের রাজ্যে অবস্থিতি করিয়া নানাবিধ আমোদ আহ্লাদ করিতেছেন। এক বৎসর পুর্ব্বে এক জন রুসিয়ান প্রধান লোককে ইংরেজেরা এই রূপ ভারতবর্ষ পরিভ্রমণ করিতে দিতেন না। ইংলণ্ডকে বৈবাহিক সূত্রে আবদ্ধ করিয়া রুসিয়া এক্ষণ যাহা ইচ্ছা প্রায় তাহাই করিতেছেন।

—ব্রহ্ম দেশের রাজা অত্যন্ত ফল ভক্ত। সম্প্রতি তিনি রাঙ্গুন হইতে তের হাজার ফল আনয়ন করিবার নিমিত্ত এক খানি ষ্টিমার পাঠাইয়াছেন।

—এলাহাবাদে ব্লান্‌চেট সাহেব নামক যে ব্যক্তি প্রায় বার হাজার টাকার ষ্টাম্প চুরি করে তাহার কঠিন পরিশ্রমের সহিত তিন বৎসর মেয়াদ হইয়াছে।

—জনরব যে মহারাণী বিক্‌টরিয়ার কনিষ্ঠা কন্যার পাণি গ্রহণার্থে তিন জন রাজ পুত্র প্রার্থী হইয়াছেন। প্রথম ফ্রান্সের ভূত পূর্ব্ব সম্রাট লুই নেপোলিয়ানের পুত্র; দ্বিতীয় রুসিয় সম্রাটের কনিষ্ঠ পুত্র; তৃতীয় মেকলেনবার্শ ষ্ট্রেলিজের রাজ পুত্র। শেষোক্ত রাজ পুত্র মহারাণী বিক্‌টরিয়ার সসম্পর্কীয়, কিন্তু আজ কাল ইংরেজেরা রুসিয়দিগের যেরূপ গোঁড়া হইয়া উঠিয়াছেন তাহাতে বোধ হয় রুসিয় রাজ পুত্রের প্রার্থনাই গ্রাহ্য হইবে।

—মাহারাজ্ঞী বিক্‌টরিয়ার আর একটি নাতি হইয়াছে। এইটি দিয়া মহারাণীর বাইশটি পৌত্র ও দৌহিত্র হইল।

—খৃষ্ট ধর্ম্মের উন্নতি সম্বন্ধে এক খানি খৃষ্টান পত্রিকায় এই রূপ লিখিত হইয়াছে। 'পৃথিবীতে তিন শত পঞ্চাশ কোটি খৃষ্টান আছেন বটে, কিন্তু ইহারা নাম মাত্র খৃষ্টান। পৃথিবীর অন্যান্য লোকও খৃষ্টের প্রকৃত ধর্ম্ম হইতে যত দূরে অবস্থিতি করিতেছেন ইহারা তত দূরে অবস্থিতি করিতেছেন। বরং ইহারা অপেক্ষাকৃত ঈশ্বরের ক্রোধ ভাজন, কারণ খৃষ্ট ধর্ম্মের আলোক ইহাদের অন্তরে প্রবেশ করিয়াছে। বস্তুত খৃষ্ট ধর্ম্ম প্রচারের ইহারা যেরূপ বাধা জন্মান এরূপ কেহই নহে।' যে সকল খৃষ্টান মহাশয়েরা এ দেশীয় লোকদিগকে 'হিদেন' বলিয়া ঘৃণা করেন তাহারা উপরোক্ত বাক্য গুলি হইতে প্রচুর জ্ঞান লাভ করিতে পারেন।

রাজসাহীর অন্তর্গত বলীহার হইতে শ্রীকৃপানাথ আচার্য্য এই পত্র খানি এডুকেশন গেজেটে লিখিয়াছেনঃ—'বিগত ৯ইআষাঢ় লোক পরম্পরায় শ্রুত হইলাম যে, থানা মান্দার সমীপবর্ত্তী গণেশপুর গ্রামে এক হস্ত প্রমাণ কতক গুলি পদ চিহ্ন পতিত আছে, তচ্ছ্রবণে আমি সাতিশয় কৌতুকাবিষ্ট হইয়া তথায় উপস্থিত হইবামাত্র দেখিলাম যে এক খানি কর্ষিত ক্ষেত্রে শ্রেণী বদ্ধ কতক গুলি পদ চিহ্ন পতিত আছে। পূর্ব্ব দিবসে বৃষ্টি হওয়ায় ঐ ক্ষেত্র কিঞ্চিৎ পঙ্কিল ও অবন্ধুর ছিল, সুতরাং প্রোথিত পদের গুল্‌ফ হইতে অঙ্গুষ্ঠ পর্য্যন্ত সমুদায় অবয়ব সম্যক্ লক্ষিত হইয়াছিল। উহার দৈর্ঘ্য এক হস্ত ও বিস্তার প্রায় অর্দ্ধ হস্ত হইবে, এবং প্রতি পদবিক্ষেপে ৪।৷ হস্ত পথ অতিক্রম করিয়াছে। দেখিলেই বোধ হয় যেন কোন মহা পুরুষ উত্তর পশ্চিম কোণ হইতে দক্ষিণ পূর্ব্ব দিকে সরল রেখাক্রমে গমন করিয়াছেন, আর তিনি যে যে স্থান দিয়া গমন করিয়াছে, তাহা মনুষ্যের অগম্য ও কোন প্রকার সামান্য প্রতিবন্ধকে তাহার গতি রোধ করিতে পারে নাই। যাহা হউক, এই সমুদায় প্রত্যক্ষ করিয়া গমনশীল ব্যক্তিকে সামান্য বলিয়া উপলব্ধি হইতেছে না। উক্ত গ্রামের নিকটবর্ত্তী অরণ্য মধ্যে একটি জীর্ণ দেব মন্দির আছে, সেখানেও তাহার পদের চিহ্ন সুস্পষ্ট লক্ষিত হইয়াছে। আর এই ব্যাপার যে কেবল আমরাই প্রত্যক্ষ করিয়াছি এমন নহে, এক জন শ্রীরামপুর গ্রামে ঐ রূপ চিহ্ন দেখিয়া আমাদের নিকট প্রকাশ করিয়াছেন। উক্ত গ্রাম মান্দা থানার দুই ক্রোশ দক্ষিণ পূর্ব্ব, আর এক ব্যক্তি বাঁশবেড়ে হইতে মৃত্তিকা সহিত এক খানা পদ চিহ্ন উত্তোলন করিয়া অত্র বলীহার রাজ বাটীতে আনিয়াছিল। উক্ত বাঁশবেড়ে গ্রাম থানার অন্যূন তিন ক্রোশ উত্তর পশ্চিমাংশে অবস্থিত। বোধ হইতেছে যে, সে ব্যক্তি দক্ষিণ পূর্ব্বাভিমুখে গমন করিয়াছে তাহার সন্দেহ নাই। কিন্তু আরও আশ্চর্য্যের বিষয় এই যে, বাঁশবেড়ে হইতে শ্রীরামপুর পর্য্যন্ত প্রায় ৬।৭ ক্রোশের মধ্যে চলিষ্ণু ব্যক্তির সহিত কাহারও সাক্ষাৎ হয় নাই। যাহা হউক, আমি উক্ত পদের অবিকল এক খানি নক্‌সা প্রস্তুত করিয়া আপনার নিকট প্রেরণ করিলাম, দৃষ্টি করিতে আজ্ঞা হইবে।' এডুকেশন সম্পাদক বলেন যে 'অঙ্কিত শ্রীচরণ খানি আমাদের নিকট আসিয়াছে। আমরা দেখিয়া আশ্চর্য্যান্বিত হইলাম। উহার পরিমাণ বাস্তবিকই দীর্ঘে এক হাত, ও বিস্তারে প্রায় এক বিঘত হইবে। যদি পদ চিহ্ন বাস্তবিক হয়, তবে এরূপ ব্যক্তি থাকা অতি আশ্চর্য্যের বিষয়, তাহার সন্দেহ নাই। এ রূপ ব্যক্তিকে প্রত্যক্ষ দেখিলে মনুষ্য বলিয়া কখনই বোধ হইবে না, পুরাণ প্রথিত দৈত্যাদি বলিয়াই বোধ হইবে।'

—শুনা যাইতেছে শরৎ কালের প্রারম্ভে লর্ড নর্থব্রুক ও তাঁহার কয়েক জন সভাসদ কিয়ৎ কালের নিমিত্ত সিমলা পরিদর্শন করিতে যাইবেন।

—পূর্ণ চন্দ্রোদয়ের কাগনাপাড়াস্থ সংবাদ দাতা এই অদ্ভুত ঘটনাটি প্রকাশ করিয়াছেনঃ—"বাগনাপাড়া হইতে ৩ মাইল অফদম্বা নামক গ্রামে একটি অদ্ভুত কাণ্ড হইয়াছে। উক্ত গ্রামবাসী জনেক মুচীর স্ত্রী সূতিকাগারে জীবন পরিত্যাগ করায় তাহাকে সেই গ্রামের মাঠে একটী বুনা পুস্কণীর পাড়ে ফেলিয়া দিয়া আইসে। (সেইস্থান দিইয়াই রাস্তা) কিন্তু ৪।৫ দিন পরে সেই স্থানে পতিত হইয়া মানুষ মরিতে লাগিল, অর্থাৎ একটী বায়ু আসিয়া মনুষকে ঘূর্ণায়মান পূর্ব্বক ভূতলশায়ী করতঃ জীবন হরণ করিতে লাগিল। এই প্রকার প্রায় ৩।৪ জন মানুষ্য জীবন হারাইয়াছ। এক্ষণে আর সে স্থান দিয়া কেহ যায় না। সকলে বলিতেছে যে মুচি বৌ এই রূপ কার্য্য করিতেছে।"

—মান্দ্রাজে চটি জুতা পায় দিয়া কাছারী গেলে জরিমানা হয়। কিছু দিন হইল পুলিশ কোর্টে এক জন চটি পায় দিয়া গমন করে। এই নিমিত্ত মাজিষ্ট্রেট তাহাকে ৫ টাকা জরিমানা করেন। মান্দ্রাজ কি নিয়ম বহির্ভূত দেশের অন্তর্গত?

—গুইকারের নামে ভারতবষীয় গবর্ণমেণ্ট আর এক নালিশ উপস্থিত। কিছু দিন হইল তিনি তাঁহার নব বিবাহিতা স্ত্রী লক্ষ্মী বাইকে সঙ্গে করিয়া স্পেসিয়াল ট্রেনে মামুদাবাদ গমন করেন। দেশীয় কোন রাজার ব্রিটিশ রাজ্যে আসিতে হইলে পূর্ব্বে তাঁহাকে সংবাদ দিতে হয়, কিন্তু গুইকার সংবাদ না দিয়া মামুদাবাদে উপস্থিত হন। কায়রার কলেক্টর এই বিষয় গবর্ণমেণ্টকে জানাইয়াছেন। এবার গুইকারের টেঁকা ভার।

—বাঙ্গালোরে একটি অদ্ভুত মকর্দ্দমা হইয়া গিয়াছে। এক জন ব্রাহ্মণ হত হয়। চারি ব্যক্তিকে হত্যাকারী বলিয়া পুলিশ চালান দেন এবং বিচারে তাহাদের দোষ সাব্যস্ত হওয়ায় সেসন্‌স জজ তাহাদিগে প্রতি ফাঁসির হুকুম দেন। হাইকোট এই হুকুম বহাল করেন। ইতিমধ্যে জজ সাহেবের নিকট এই মর্ম্মে এক খানি মুফ্‌তি দরখাস্ত পড়ে যে উক্ত চারি ব্যক্তি নির্দ্দোষী এবং প্রকৃত দোষীকে আদৌ ধরা হয় নাই। এই দরখাস্ত পাইয়া জজ সাহেব ফাঁসি স্থগিত করিতে বলেন ও অনুসন্ধান দ্বারা প্রকাশ পায় যে পুলিশ কর্ম্মচারীগণ মিথ্যা করিয়া ইহাদিগকে আসামী শ্রেণীভুক্ত করে এবং পুলিশের লোকদিগের প্রতি এই নিমিত্ত জজ সাহেব দ্বিপান্তরের আদেশ দেন। কিন্তু হাইকোট এই হুকুম রদ করিয়া পূর্ব্ব হুকুম বহাল রাখিতে আদেশ দেন এবং হত্যাকারীদিগকে ফাঁসি দিতে বলেন। জজ সাহেব বিশেষ করিয়া অনুরোধ করায় গবর্ণমেণ্ট এই চারি ব্যক্তিকে ফাঁসি না দিয়া ইহাদিগকে পোর্ট ব্লেয়ারে দ্বিপান্তরিত করিতে আদেশ করেন। তিন জন এখানে মরিয়া যায়, এবং চতুর্থ ব্যক্তি পলাইয়া মান্দ্রাজে আসে ও সেখানে পুলিশের হস্তে আত্ম সমর্পণ করে। সে বলে যে তাহার কোন দোষ নাই, কয়েক ব্যক্তি ষড় যন্ত্র করিয়া তাহাকে হত্যাপরাধে লিপ্ত করে। কিন্তু সে পোর্ট ব্লেয়ার হইতে পলাইয়া আসিয়াছে বলিয়া তাহাকে দুই বৎসর কঠিন পরিশ্রমের সহিত মেয়াদ দেওয়া হয়। ইতি মধ্যে প্রকৃত হত্যাকারী ধৃত হয়। সে আত্ম দোষ সমুদায় স্বীকার করিয়াছে। সে বলে যে উক্ত ব্রাহ্মণ তাহার স্ত্রীকে নষ্ট করে বলিয়া তাহাকে সে খুন করে। কিন্তু নির্দ্দোষী চারি ব্যক্তিকে যে অকারণে শাস্তি দেওয়া হইল এবং তাহার তিন জন যে মরিয়া গেল ইহার জবাদিহি কে করে?

—যশোর হইতে এক ব্যক্তি লিখিয়াছেন—"সম্প্রতি নড়াইল মহকুমায় একটি নূতন ধরণের মোকদ্দমা হইয়া গিয়াছে। গত জ্যৈষ্ঠ মাসে শ্রীধরপুর গ্রামের পরেশ নাথ চক্রবর্ত্তী জঙ্গলবাধাল গ্রামের নীলমণি বন্দ্যোপাধ্যায় নামক জনেক কুলীন ব্রাহ্মণের কন্যাকে বিবাহ করে। বর বংশজ, বয়ঃক্রম ৩৫। ৩৬। কন্যার বয়স অনুমান ২৪। ২৫ বৎসর হইবেক। পাত্রী স্বইচ্ছায় রাত্রিযোগে গোপনে বরের সহিত আইসায় বিবাহ হয়। ২০। ২২ দিবস পরে উক্ত পাত্রী নৃত্যকালীর মাতুল প্রভৃতি কএক জন আসিয়া পরেশের বাটীতে পড়িয়া নৃত্যকালীকে বলপূর্ব্বক লইয়া যায়; ইহাতে পরেশ ডেঃ ম্যাজিষ্ট্রেটের নিকট এজাহার করে। ইনেস্পেক্টর আসিয়া তদারক করিয়া এ ফারম দেন। ডেঃ মাজিষ্ট্রেট বাবু উক্ত মোকদ্দমাটী ডিসমিস করিয়াছেন। শ্রুত হইলাম বাদীর প্রধান মোক্তার মোকদ্দমার সময় উপস্থিত হন নাই। নৃত্যকালীর মামা, 'আমার বহুতর দ্রব্যাদি চুরি করিয়া লইয়া গিয়াছে' বলিয়া এজাহার দেওয়ায় পুনরায় ম্যাজিষ্ট্রেট বাহাদুর পুলিষের উপরে তদারকের ভার দিয়া পরেশ ও তাহার স্ত্রীকে ওয়ারেণ্ট দ্বারা তলব করিয়াছেন।'

—আর এক জন ইংরেজ মহিলা মুসলমান ধর্ম্ম গ্রহণ করিবার উদ্যোগ করিতেছেন। ইনি এক জন অবিবাহিতা রমণী, সুন্দরী ও যুবতী ইহার পিতা এক জন সম্ভ্রান্ত লোক। করাচিতে ইহারা বাস করেন। ইংরেজ মহিলা এক জন মুসলমান যুবকের প্রেমে আবদ্ধ হইয়াছেন। ইনি এই মুসলমানের সহিত গৃহ পরিত্যাগ করিয়া যাইবার উদ্যোগ করিতে ছিলেন কিন্তু তাহার পিতা মাতা হঠাৎ টের পাওয়ায় তিনি কার্য্য সিদ্ধি করিতে পারেন নাই। ফল যুবতীর পিতা মাতা হতাশ হইয়া পড়িয়াছেন কারণ যুবতী স্পষ্টাক্ষরে বলিয়াছেন যে তিনি উক্ত মুসলমানকে স্বামীরূপে বরণ করিয়াছেন ও যাবৎ তিনি বাঁচিয়া থাকিবেন তাবৎ তিনি মুসলমান ধর্ম্ম গ্রহণ করিয়া তাহার স্বামীকে প্রাণের অধিক ভাল বাসিবেন। ইংরেজদের ধর্ম্ম ও সমাজে কি কীট লাগিয়াছে? যে মুসলমানদিগকে খৃষ্টান করিবার নিমিত্ত তাহাদের ধর্ম্ম প্রচারকগণ চতুর্দ্দিকে ভ্রমণ করিয়া বেড়াইতেছেন তাহারাই তাহাদের ঘরের কুলবধু ও দুহিতা সকল বাহির করিয়া লইয়া বিবাহ করিতে লাগিল ইহা অপেক্ষা লজ্জার কথা আর কি হইতে পারে। যে ইংরেজ এই সংবাদটি প্রকাশ করিয়াছেন তিনি ক্রোধান্বিত হইয়া লিখিয়াছেন যে, যে মুসলমান এই মহিলাকে নষ্ট করিয়াছে তাহাকে ফাঁসি দিয়া তাহার শরীর খণ্ড২ করিয়া কাটা উচিত। এই মুসলমানকে না কাটিয়া ইংরেজের এক কাজ করুন। স্ত্রী লোকের স্বাধীনতা কিছু কমাইয়া দিউন, আর তাহাদের মধ্য হইতে যুবতী বিবাহ উঠাইয়া দিউন।

—আজ কাল ইংরেজ জুয়াচোরের বিলক্ষণ প্রাদুর্ভাব দেখা যাইতেছে। সিমলার পাহাড় হইতে এক ব্যক্তি ছয় হাজার টাকার জিনিস লইয়া পলায়ন করিয়াছে। ইহার আড়াই শত টাকা বেতনের একটি কর্ম্ম ছিল।

—পাঠকগণের স্মরণ আছে কয়েক মাস হইল একটি নেকড়িয়া বাঘের গর্ত্তে একটি বালক পাওয়া যায়। বোধ হয় নেকড়িয়া বাঘ শিশুটিকে আহার করিবার মানসে লইয়া যায়, শেষে হঠাৎ তাহার দয়ার উদয় হওয়াতে উহাকে প্রতিপালন করে। এই বৃত্তান্তটি বিশ্বাস করিলে রুমের স্রষ্টা রমুলাস ও রিমানের গল্প আর অদ্ভুত বলিয়া বোধ হয় না। আপাততঃ এই বালকটি সেকেন্দ্রার খৃষ্টান অনাথ নিবাসে অবস্থিতি করিতেছে। মিসনারীরা ইহাকে যত্নের সহিত কথা বলাইতে শিখাইতেছেন।

—লণ্ডনে যেরূপ টিকবর্ণ মকর্দ্দমা লইয়া গোল হয়, কড়কিতে সেইরূপ একটি মকর্দ্দমা উপস্থিত হইয়াছে। সাত বৎসর হইল লাণ্ডোরা নামক স্থানের রাজা পরলোক গমন করেন। ইনি এক জন বিলক্ষণ ঐশ্বর্য্যশালী ও ক্ষমতাবান জমীদার ছিলেন। ইহার শবদাহ করিয়া গঙ্গায় ফেলিয়া দেওয়া হয়, কিন্তু কিছু দিন হইল ইহার ন্যায় এক ব্যক্তি ক্যাণ্টনমেণ্ট মাজিস্ট্রেটের নিকট আসিয়া বলিতেছেন যে তিনি প্রকৃত লাণ্ডোরার রাজা এবং মাজিষ্ট্রেট সাহেব তাহাকে তাহার সম্পত্তি দখল দেওয়াইয়া দিউন। উক্ত ব্যক্তি বলিতেছেন যে কতক গুলি ধূর্ত্ত লোক তাহার মৃত্যু না হইতেই তাহাকে অর্দ্ধ ভস্মীভূত করিয়া জলে নিঃক্ষেপ করে এবং তিনি ভাসিতে২ নদীর কূলে গিয়া উপস্থিত হন। এক জন ফকীর তাহাকে উদ্ধার করে এবং তাহার আশ্রয়ে তিনি এ যাবৎ ছিলেন। তিনি এক্ষণ তাহার ন্যায্য সম্পত্তির [illegible] করিতে আসিয়াছেন। মাজিস্ট্রেট ইহার বিবরণ [illegible]সে না করিয়া ইহাকে হাজতে রাখিয়াছেন। শুনা [illegible]তছে এক জন ধনী বণিক ইহার পক্ষ হইয়া মকর্দ্দমা করিবেন।

—পূর্ব্বে টাইমস্ পত্রিকাই ইংলণ্ডের মধ্যে সর্ব্বপ্রধান ছিল। কিন্তু টেলিগ্রাফ। ডেলি নিউস্ প্রভৃতি [illegible]বাদী জুঠিয়াছে। সম্ভ্রমে না হউক, গ্রাহক সংখ্যায় এই দুই খানি পত্র টাইমস্ অপেক্ষা শ্রেষ্ঠ কিন্তু টাইমস্ আত্ম পদ পুনরুদ্ধারের নিমিত্ত এক উপায় অবলম্বন করিয়াছেন। ইংরেজেরা ফ্রান্সের সংবাদ অত্যন্ত আগ্রহের সহিত পাঠ করিয়া থাকেন। টাইমস্ পত্রিকার মালিক এই নিমিত্ত পারিস হইতে তাহার আফিশ পর্য্যন্ত একটি টেলিগ্রাফের তার বসাইয়াছেন এবং উহা দ্বারা প্রতি দিন ফ্রান্সের নূতন২ [illegible]বর তাহার পাঠকবর্গকে জ্ঞাত করান হইতেছে। সম্ভবতঃ অন্যান্য পত্রের মালিকেরাও টাইমসের পথ সত্বর অনুসরণ করিবেন।

—কলিকাতার স্মল কজ কোর্ট হইতে মোক্তার ও দালালদিগকে বহিষ্কৃত করিয়া দেওয়া হইয়াছে। যে কোন উকীল দালাল কি মোক্তার দিগের নিকট হইতে [illegible]ন মকর্দ্দমা গ্রহণ করিবেন তাহাকে আদালতের নিরুদ্ধাচারী বলিয়া গণ্য করা হইবে এবং তিনি আইনানুযায়ী শাস্তি পাইবেন।

—পাওনিয়ারের পারিসস্থ সংবাদ দাতা লিখিয়াছেন [illegible]য ইংরেজী কাগজের সম্পাদকগণও কথায় কথায় মিথ্যা কথা বলেন। তাহারা রুসিয়ার সম্রাটের সম্বন্ধে যাহাই বলুন প্রকৃত প্রস্তাবে তাঁহার দেমাকী ভাব দেখিয়া অনেকে বিরক্ত হইয়াছেন। সম্রাট বেলজিয়মে আসিয়া এই রূপ অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়াছেন যে তাহাকে দেখিবার নিমিত্ত অনেক ইংরেজ জড় হইয়া ছিল বটে, কিন্তু তাহাদের ভাব দেখিয়া বোধ হয় যে কৃষ্ণ সাগর সংক্রান্ত সন্ধি ভঙ্গ করাতে তাহারা যে কষ্ট পাইয়াছে তাহা তাহারা এখনো ভুলিতে পারে নাই।

## মফস্বলের মূল্য প্রাপ্তি।

| | |
|---|---|
| শ্রীযুক্ত বাবু পিয়ারী মোহন সন কাবিনা রংপুর | ৫ |
| ” ” দীনবন্ধু রায় রাণিগঞ্জ | ১০ |
| ” ” অক্ষয় কুমার মুখোপাধ্যায় রাইগঞ্জ, দিনাজপুর | ৮ |
| ” ” মথুরা লাল সোম খারাকপুর, মুঙ্গের | ৩ |
| ” ” আনন্দ চন্দ্র মুখোপাধ্যায় পুরী | ২৬ |
| ” ” বিনোদ বেহারি সিং বেলিয়া, মুঙ্গের | ৮ |
| ” ” মহেন্দ্র নাথ মুখোপাধ্যায় মজফাপুর | ২ |
| মহা রাজা স্বাধীন ত্রিপুরা | ৮ |
| শ্রীযুক্ত বাবু যোগেন্দ্র নারায়ণ ঘোষ বেনারস | ৮/ |
| ” ” বনয়ারি লাল গোস্বামী সওদাবাদ, বহরমপুর | ৪॥ |
| ” ” জয় নারায়ণ দাস কৃষ্ণনগর | ৮ |
| ” ” কৃষ্ণ মোহন মিত্র জয়নগর, মজিলপুর | ৮ |
| ” ” নবীন চন্দ্র বন্দ্যোপাধ্যায় জয়রামপুর, কৃষ্ণনগর | ৮ |
| ” ” বিদ্যাধর দাস কুমিল্লা | ৮ |
| ” ” রাম জীবন রায় কুমিল্লা | ২ |
| ” ” পূর্ণানন্দ বড়ুয়া গোয়ালপাড়া | ৮ |
| ” ” দীনবন্ধু বন্দ্যোপাধ্যায় ঢাকা | ৮ |
| ” ” কৃষ্ণ মঙ্গল চৌধুরী হাটরা, রাজসাহি | ৮ |
| ” ” গোপাল চন্দ্র ঘোষ ফতোয়া | ৩ |
| ” ” হরশঙ্কর ভট্টাচার্য্য কাদাই, বহরমপুর | ৫ |
| ” ” কিশোরী মোহন চৌধুরী সহর সেরপুর ময়মানসিং | ৮ |
| ” ” রাম প্রসাদ হাজারী দেবিপুর, ছাউনি, জিয়াগঞ্জ | ৮ |
| ” ” উপেন্দ্র মোহন মল্লিক শ্রীরামপুর | ৮ |
| ” ” কেশব লাল চৌধুরী রাণাঘাট | ৮ |
| ” ” চন্দ্র কান্ত দাস ঠাকুরগঞ্জ, দিনাজপুর | ১০ |
| ” ” খড়্গেশ্বর বসু আকয়াব ব্রিটিশব্রহ্ম | ৮ |
| ” ” গিরীশচন্দ্র রায় গোয়ালপাড়া | ৫ |
| ” ” শশীভূষণ মুখোপাধ্যায় আগরপুর বাখরগঞ্জ | ৮ |
| ” ” সুধাচন্দ্র চৌধুরী বেলগাছি, ফরিদপুর | ৮ |
| ” ” ছকনলাল রায় চকদিগি | ১০ |
| ” ” আনন্দ নাথ রায় জপসা, মাদারীপুর | ২॥ |
| শ্রীযুক্ত রচফোর্ট সাহেব ত্রিপুরা | ১০ |
| ” ” গিরিশ চন্দ্র দত্ত বেনারস | ১ |
| ” ” উমাচরণ রায় চট্টগ্রাম | ৫ |
| ” ” উমেশ চন্দ্র বসু নড়াইল | ৮ |
| ” ” শ্যামলাল দত্ত নড়াইল | ৪ |
| ” ” কালী প্রসন্ন রায় সিঙ্গা, নড়াইল | ৮ |
| ” ” বরদা প্রসন্ন চক্রবর্ত্তী বরিশাল | ৮ |
| ” ” যাদব কিশোর ঘোষ নাগপুর | ৮ |
| ” ” দ্বারিকা নাথ চক্রবর্ত্তী প্লিডার ঢাকা | ৮ |
| ” ” চন্দ্র কুমার সেন প্লিডার ঢাকা | ৮ |
| ” ” মহেশ চন্দ্র মুখোপাধ্যায় আম্বলা | ৪॥ |
| ” ” বলহরি ঘোষ চৌধুরী রামনগর, যশোহর | ৮ |
| ” ” ঈশ্বর চন্দ্র রায় মেখলীগঞ্জ, পাটগ্রাম জলপাইগুড়ি | ৫ |
| ” ” অনঙ্গ মোহন চৌধুরী তুষভাণ্ডার রংপুর | ৮ |
| ” ” কৃষ্ণ নাথ চক্রবর্ত্তী চালিতাবুনিয়া, বরিশাল | ১০ |
| ” ” উমেশ চন্দ্র রায় মজফাপুর | ৮ |
| ” ” প্রসন্ন কুমার চৌধুরী টাঙ্গাইল, ময়মানসিং | ৫ |
| মৌলবী আহাছনুর রজা লাডু, শ্রীহট্ট | ৮ |
| শ্রীযুত বাবু বিজয় গোবিন্দ চৌধুরী তাঁতিবন্দ পাবনা | ৮ |
| ” ” শশীভূষণ বসু বর্দ্ধমান | ৮ |
| ,, মতি লাল চৌধুরি বর্দ্ধমান | ৮ |
| ,, মতি লাল হালদার টকভর দারজিলিং | ৫ |
| ,, যদুনাথ বন্দ্যোপাধ্যায় আরা | ৫ |
| ,, কেদার কিশোর আচার্য্য ময়মান সিং | ৫ |
| ,, ঈশান চন্দ্র বক্সি ধুবড়ি স্কুল | ২ |
| রাজা রাস বেহারি সিং ঝরিয়া | ১০ |
| শ্রীযুক্তবাবু ঈশ্বর চন্দ্র নাথ দালাল চিঙ্গড়া যশোর | ২৬ |
| ” ” নিশিকান্ত বন্দ্যোপাধ্যায় কালিপাড়া কাঁচাদিয়া | ৪ |
| ” ” অক্ষয় কুমার সেন রংপুর | ৮ |
| ” ” শ্যামা চরণ ভট্ট বহরমপুর | ৮ |
| ” ” হেম চন্দ্র রুদ্র নলহাটি | ৫ |
| ” ” বৈকণ্ঠ নাথ সামন্ত মায়াপুর, মলয়পুর, বহরমপুর | ৫ |
| ” ” দীননাথ গঙ্গোপাধ্যায় বহরামপুর | ৮ |
| ” ” নবীন চন্দ্র দে বাঁকিপুর | ৮ |
| ” ” হরিশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মুঙ্গের | ৬॥৵ |
| ” ” আনন্দ চন্দ্র মজুমদার হাটুরিয়া বরিশাল | ৫ |
| ” ” রাজেন্দ্র চন্দ্র রায় বরিশাল | ১০ |
| ” ” গোবিন্দ চন্দ্র তরফদার বগুড়া | ৩ |
| রায় ধনপত সিং বাহাদুর আজিমগঞ্জ | ৮ |
| শ্রীযুক্ত বাবু সিতারাম পাড়ে পাকুড় | ১০ |
| ,, উমেশ চন্দ্র রায় জাড়া | ৮ |
| ,, মথুরানাথ মুখোপাধ্যায় নশিপুর | ৫ |
| ,, অম্বিকা চরণ রায় চৌধুরি মধুবাণি | ৮ |
| ,, হরি চরণ ভট্টাচার্য্য শিরবাল পঞ্জাব | ৫ |
| ,, পুলিন চন্দ্র দাস কাছাড় | ১০ |
| ,, কালি কিংকর চক্রবর্ত্তি চিটাগাং | ৮ |
| ,, দুর্গাদাস দাস গোহাটী | ৮ |
| ,, গোলক চন্দ্র দত্ত দত্তগ্রাম, কালিহাটি, শ্রীহট্ট | ২৬০ |
| ,, শশি মোহন পাল লোহাজঙ্গ, ঢাকা | ৮ |
| ” ” মহেন্দ্র নারায়ণ ঘটক মেজেদিহি বালিগঞ্জ | ৮ |
| ” ” গোকুল কৃষ্ণ মুন্সি বাগজুরী, ঢাকা | ৪ |
| ” ” রামসুন্দর ঘোষ বাজিথপুর, বারাসাত | ৮ |
| ” ” দীন বন্ধু সেন বরিশাল | ৫ |
| ” ” কৈলাস চন্দ্র সেন বরিশাল | ৫ |
| ” ” রাম গোপাল সা আমলা সদরপুর | ৮ |
| ” ” কেদার নাথ সেন আলোয়ার | ১০ |
| ” ” কালী কিঙ্কর সেন রাজসাহী | ৮ |
| ,, রাখাল চন্দ্র রায় বরিশাল | ৮ |
| ,, আনন্দী কিশোর হাউলি মোহনপুর, আসাম | ১০ |
| ,, চন্দ্রনাথ রায় বরাই মানিকগঞ্জ | ৮ |
| ,, মহেশ চন্দ্র সেন ফরিদপুর | ৮ |
| ” ” তারিণী চরণ মজুমদার রংপুর | ৮ |
| ” ” পূর্ণ চন্দ্র সরকার শালিহাটি কাঁচাদিয়া | ৮ |
| ” ” স্বরূপ চন্দ্র গুহ বরিশাল | ১০ |
| সেক্রেটারী নাটোর ক্লাব নাটোর | ২ |
| ” ” যাদবানন্দা রায় বড় বাড়ী, রংপুর | ৭॥ |


## বিজ্ঞাপন।

সন ১২৮১ সালের ১৯ আষাঢ় হইতে জয়নগর নিবাসী শ্রীযুক্ত বাবু রসিক মোহন বন্দোপাধ্যায় মহাশয় যে সমস্ত দেনা করিবেন তাহার জন্য জয়নগরের ৺ গৌর মোহন বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পুত্রেরা দায়ী নহেন।

সাং জয়নগর শ্রীরমানাথ বন্দ্যোপাধ্যায়

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমাদের জমীদারির অন্তর্গত মৌজা পত্তনি ও পত্তনি মহালের অন্তর্গত মৌজে দর পত্তনি দেওয়া যাইবেক। যাহারা লইবার অভিলাস করেন তাঁহারা চকদিঘির জমীদারি কাছারিতে উপস্থিত হইলে দিবার বিষয় তাহাদের সহিত ধার্য্য করা যাইবেক। ঐ সম্বন্ধে কেহ পত্রাদি লিখিলেও উত্তর পাইবেন।

| নাম মৌজা | ডিবিজান | স্থিত জমা |
|---|---|---|
| জেলা বর্দ্ধমানের কালেক্টরি ৮৪ নং তৌজিভুক্ত লাট বেলুনির অন্তর্গত মৌজা | | |
| নিজ বেলুনি | মন্তেশ্বর | ২৩৯৯/১৮ |
| মৌজা বাকল্সা ও বস্তন | ঐ | ৭২৫৷৷৶৯ |
| মৌজা জোৎকারারি | ঐ | ২৭২/১৯ |
| মৌং উনুটে ও সারগাছি | ঐ | ১০৭৪৷৷১০ |
| জেলা ঐ ১৮ নং তৌজিভুক্ত লাট বড বৈনালের অন্তর্গত। | | |
| মৌং সর্ভ্যা | ঐ | ১৩৭৭৸৶৯ |
| মৌং উচিতপুর | রায়না | ৪৫০৷৵১৫৷৷ |
| যেহ মহাল দর পত্তনি বিলি করা যাইবক। | | |
| মৌং কোণ্ডর পাড়া | বর্দ্ধমান | ১৭৭০_১৭ |
| মৌং জোতভরথ | ঐ | ১১৭৸০ |
| মৌং এক্তারপুর | খণ্ডখোষ | ৪৪৬২৸/৩৷৷ |
| মৌং বোড় | রায়না | ৯০৬৸/৯৷৷ |
| মৌং কেশবপুর | ঐ | ৩৫০৶/১৮৷ |
| মৌং আচার্য্যপুর | ঐ | ১৩৪৮৷৷৵/১২৷ |
| মৌং কিং সজিপুর | সেলমাবাদ | ৬৮১৷৶/৩ |
| মৌং রসিকগঞ্জ | ঘাটাল | ৪৭৬৸১ |
| মৌং নিট্যাকুণ্ড | উলুবেড়িয়া | ১৩৪ |

চকদিঘি } শ্রীছকনলাল রায়।
সন ১২৮১। ১৯ আষাঢ় } শ্রীশশীভূষণ রায়।

**WANTED**

A Native Doctor for the "Sarail Annoda Charitable Dispensary" in Tipperah; salary Rs. 40 per mensem with house accommodation free. None but passed students, who have had for some time the charge of a charitable Dispensary and who knows English sufficiently to conduct all the business after the fashion of Government charitable Dispensary, should apply with copies of testimonials to the undersigned within three weeks from date.

DOORGA PROSANNA MOOKERJEA

Brahmunberiah
District Tipperrah
30th June 1874



এই পত্রিকা কলিকাতা বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটি হইতে প্রতি বৃহস্পতিবারে শ্রীচন্দ্রনাথ রায় দ্বারা প্রকাশিত হয়।